# গঠনতন্ত্র

প্রেসক্লাব

শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব

Ground Floor, Library building, SUST
pressclub.sust@gmail.com
www.sustpressclub.org

# গঠনতন্ত্র

## ভূমিকা

বিভিন্ন জাতীয় দৈনিক, স্থানীয় দৈনিক ও বার্তা সংস্থায় কর্মরত শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সংবাদদাতা/প্রতিনিধিদের একটি সংগঠনের প্রয়োজন অনুভূত হচ্ছে। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা/প্রতিনিধিদের মধ্যে পেশাগত সৌহার্দ্য ও ঐক্য বজায় রাখা এবং বিশ্ববিদ্যালয় সংক্রান্ত বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করে একে তার যথাযথ চিত্রে উপস্থাপনের স্বার্থে একটি সংগঠন অত্যন্ত প্রয়োজনীয় হয়ে পড়েছে। প্রক্টরিয়াল অনুমোদনের ভিত্তিতে ১১ই মার্চ প্রতিবছর সংগঠনটির প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হবে। সংগঠন থাকলে তার কার্যকলাপ সুষ্ঠুভাবে পরিচালিত হবার জন্য একটি গঠনতন্ত্র দরকার। সংগঠন নিম্নের গঠনতন্ত্র অনুযায়ী পরিচালিত হবে।

## ১. নাম

এর নাম হবে 'শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব'। তবে সংক্ষেপে 'শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব' বা 'শাবিপ্রবি প্রেসক্লাব'/'শাবি প্রেসক্লাব' (ইংরেজিতে Shahjalal University Press Club বা SUST Press Club) নামে পরিচিত হবে।

## ২. উদ্দেশ্য

ক. শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা/প্রতিনিধি হিসেবে দায়িত্বপালনরত ব্যক্তিদের মধ্যে পেশাগত ঐক্য ও সৌহার্দ্য বজায় রাখা।

খ. ছাত্রসমাজ তথা দেশবাসীর কাছে বিশ্ববিদ্যালয় সংক্রান্ত বস্তুনিষ্ঠ তথ্য পরিবেশন করে বিশ্ববিদ্যালয়ের যথাযথ ভাবমূর্তি উপস্থাপন করা।

গ. বস্তুনিষ্ঠ সংবাদ ও সাংবাদিকতার ঐতিহ্য নির্মাণ ও বিকাশ সাধন।

## ৩.সদস্যভূক্তি

ক. শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সংবাদদাতা/প্রতিনিধি হিসেবে জাতীয় দৈনিক, বার্তাসংস্থা ও স্থানীয় দৈনিক পত্রিকায় কর্মরতরাই কেবলমাত্র এ সংগঠনের সদস্য হতে পারবেন।

খ. জাতীয় দৈনিক, বার্তা সংস্থা বা অন্য কোন পত্রিকার কর্মকর্তা-কর্মচারীরা এ সংগঠনের সদস্য হতে পারবেন না।

গ. সদস্যপদ কেবল তারাই পাবেন যারা শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সংবাদদাতা বা প্রতিনিধি হিসেবে নিয়োগপত্র পেয়েছেন। নিয়োগপ্রাপ্ত পত্রিকায় সংবাদদাতা বা প্রতিনিধির নিজ নামে প্রকাশিত অন্তত পাঁচটি সংবাদ জমা দিতে হবে। এক্ষেত্রে কোন ফিচার গ্রহণযোগ্য হবে না।

ঘ. সাধারণ সভায় সাধারণ পরিষদ সদস্যদের কমপক্ষে তিন-চতুর্থাংশ অনুমোদন দিলে একজনকে সদস্য হিসেবে সংগঠনে অন্তর্ভূক্ত করা যাবে।

ঙ. সদস্যপদ লাভের জন্য আবেদনপত্রে কমপক্ষে তিনজন নির্বাহী পরিষদ সদস্যের সুপারিশ থাকতে হবে।

চ. সদস্যভূক্তি ফরমের মূল্য ৩০০ (তিনশত) টাকা এবং মাসিক চাঁদা ৫০ (পঞ্চাশ) টাকা হবে। চাঁদার কারণে বা অন্যকোন কারণে কারো সদস্যপদ বাতিল হলে পুনঃ অন্তর্ভূক্তি ফি ৫০০ (পাঁচশত) টাকা এবং বকেয়া চাঁদাসহ আবার আবেদন করলে সাধারণ পরিষদের অনুমোদন সাপেক্ষে তাকে পুনরায় সদস্য করে নেয়া যেতে পারে।

## ৪.সম্মানসূচক সদস্য

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক বা বর্তমান শিক্ষার্থী, যিনি বা যাঁরা সাংবাদিকতা পেশায় নিযুক্ত আছেন, এমন কেউ প্রেসক্লাবের সম্মানসূচক সদস্য হতে পারেন। এ ক্ষেত্রে নির্বাহী পরিষদের দুই-তৃতীয়াংশ ও সাধারণ পরিষদের তিন-চতুর্থাংশ সদস্যের সম্মতি প্রয়োজন।

## ৫. আজীবন সদস্য

ক. প্রতিষ্ঠাতা সভাপতি তৌহিদ চৌধুরী ও প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ইমাম হাসান মুক্তি আজীবন সদস্য পদে অধিষ্ঠিত থাকবেন।

খ. প্রেসক্লাবের সদস্য ছিলেন না এমন কেউ সংগঠনের আজীবন সদস্য হতে পারবেন না।

গ. আজীবন সদস্য হতে গেলে এককালীন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা প্রদানপূর্বক নির্বাহী পরিষদের দুই-তৃতীয়াংশ ও সাধারণ পরিষদের তিন-চতুর্থাংশ সদস্যের সম্মতি প্রয়োজন।

ঘ. সুংগঠনের আজীবন সদস্য একটি অলংকারিক পদ। শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব, সাংবাদিকতা কিংবা দেশ ও জাতির জন্য বিশেষ অবদান রেখেছেন বা রাখছেন এমন কোন সাবেক সদস্যকে এই পদে ভূষিত করা যাবে।

ঙ. আজীবন সদস্য বা সম্মানসূচক সদস্যরা সাধারণ সদস্যদের ন্যায় সকল অধিকার ও ক্ষমতা ভোগ করতে পারবেন না। যেমনঃ নির্বাচনী কার্যক্রম, সাধারণ সভায় মতামত ইত্যাদি।

## ৬. সদস্যপদ বাতিল

ক. কোন সদস্যের বিরুদ্ধে সংগঠনের উদ্দেশ্য ও স্বার্থ বিরোধী আচরণের উপযুক্ত প্রমাণ পাওয়া গেলে সাধারণ পরিষদের তিন-চতুর্থাংশের মতামতের ভিত্তিতে তার সদস্যপদ পদ বাতিল হবে।

খ. বিশ্ববিদ্যালয়ের সংবাদদাতা/প্রতিনিধি হিসেবে দায়িত্ব শেষ হবার তিনমাস পর্যন্ত কারো সদস্যপদ কার্যকর থাকতে পারে। এরপর সদস্যপদ বাতিল হয়ে যাবে।

গ. পরপর ছয়মাস কেউ চাঁদা না দিলে সদস্যপদ বাতিল হবে।

ঘ. পরপর তিনটি সভায় অনুপস্থিত থাকলে সদস্যপদ বাতিল হবে। সভা শুরু হবার আধা ঘন্টার মধ্যে সভাস্থলে উপস্থিত না হলে তাকে অনুপস্থিত ধরা হবে।

ঙ. কোন সদস্য রাজনৈতিক সংগঠন/রাজনৈতিক ছাত্র সংগঠনের পদধারী হলে তার সদস্যপদ বাতিল হয়ে যাবে।

চ. সদস্যপদ বাতিলের সিদ্ধান্ত সাধারণ সভায় অনুমোদন সাপেক্ষে হতে হবে।

## ৭. উপদেষ্টা পরিষদ

ক. সংগঠনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে গঠিত ৭ (সাত) সদস্যের একটি উপদেষ্টা পরিষদ থাকবে। এ পরিষদ সংগঠনের বিভিন্ন কর্মকান্ডে নির্বাহী পরিষদকে পরামর্শ দিবেন এবং নির্বাহী পরিষদ প্রয়োজনমত উপদেষ্টা পরিষদের পরামর্শ নিবেন।

খ. উপদেষ্টা পরিষদের কাঠামো:

**প্রধান উপদেষ্টা**

উপাচার্য, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

**উপদেষ্টা মন্ডলী**

১. রেজিস্ট্রার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
২. পরিচালক, ছাত্র উপদেশ ও নির্দেশনা, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
৩. প্রক্টর, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
৪. জনসংযোগ কর্মকর্তা, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
৫. সভাপতি, সিলেট প্রেসক্লাব
৬. সভাপতি, সিলেট জেলা প্রেসক্লাব

গ. 'খ' উপধারার বর্ণিত কাঠামোর ভেতর হতে যদি কোন কর্মকর্তা উপদেষ্টা পরিষদে থকতে অসম্মতি জ্ঞাপন করেন তবে পরবর্তী পর্যায়ের কর্মকর্তা বা অন্য কাউকে পরিষদের সদস্য করা হবে।

## ৮.সাধারণ পরিষদ

ক. সাধারণ পরিষদ হবে সংগঠনের সর্বোচ্চ ক্ষমতা সম্পন্ন পরিষদ।
খ. সংগঠনের সকল সদস্যই এ পরিষদের সদস্য।
গ. এ পরিষদ সংগঠনের সদস্যপদ চূড়ান্তভাবে অনুমোদন করবে।
ঘ. সদস্যপদ বাতিলের চূড়ান্ত ক্ষমতা এ পরিষদের থাকবে।
ঙ. এ পরিষদ সংগঠনের বার্ষিক প্রতিবেদন ও বাজেট অনুমোদন করবে।
চ. প্রেসক্লাবের সাধারণ সম্পাদক সভাপতির পরামর্শ অথবা অনুমতি সাপেক্ষে সাধারণ সভা আহ্বান করবেন।
ছ. বিশেষ প্রয়োজন বোধ করলে কার্যনির্বাহী পরিষদের তিন জন সদস্যের অনুরোধের প্রেক্ষিতে সভাপতির পরামর্শ অথবা অনুমতি সাপেক্ষে সাধারণ সম্পাদক সাধারণ সভা আহ্বান করবেন। এ ক্ষেত্রে উক্ত সভায় কোন বিষয়ে আলোচনা হবে এর উল্লেখসহ লিখিতভাবে ২৪ ঘন্টা আগে নোটিশ দিতে হবে।
জ. উপরোল্লেখিত পন্থায় সাধারণ সভা আয়োজন সম্ভব না হলে বিশেষ প্রয়োজনে সাধারণ পরিষদের তিন-চতুর্থাংশ সদস্যের অনুমোদন নিয়ে এই পরিষদের যেকোন সদস্য সাধারণ সভা আহবান করতে পারবেন।

## ৯. কার্যনির্বাহী পরিষদ

**ক.** সদস্যদের প্রত্যক্ষ ভোটে/সর্বসম্মতিক্রমে সদস্যদের ভেতর থেকে সংগঠনের সাধারণ সভায় নয় সদস্য বিশিষ্ট নির্বাহী পরিষদ নির্বাচিত হবে।

**খ.** নির্বাহী পরিষদের কাঠামো :

সভাপতি: একজন
সহ- সভাপতি: একজন
সাধারণ সম্পাদক: একজন
যুগ্ম-সম্পাদক: একজন
অর্থ-সম্পাদক: একজন
দপ্তর-সম্পাদক: একজন
কার্যকরী সদস্য: তিনজন

**গ.** পরিষদের মেয়াদকাল একবছর। প্রতিবছর নতুন পরিষদ নির্বাচিত হবে।
**ঘ.** এই পরিষদ বছরে অন্তত দুটি সাধারণ সভার ব্যবস্থা করবে এবং সংগঠনের কার্যকলাপ ও অগ্রগতি নিয়ে আলোচনা করবে।
**ঙ.** প্রেসক্লাবের সাধারণ সম্পাদক সভাপতির পরামর্শ অথবা অনুমতি সাপেক্ষে নির্বাহী পরিষদের সভা আহ্বান করবেন।
**চ.** নির্বাহী দায়িত্বের ব্যপারে নির্বাহী পরিষদ চূড়ান্ত ক্ষমতার অধিকারী।

## ১০. নির্বাহী পরিষদের সদস্যপদ বাতিল সংক্রান্ত

**ক.** বিশ্ববিদ্যালয় সংবাদদাতা/প্রতিনিধি হিসেবে অব্যহতি পাবার পর এই পরিষদের একজন সদস্য তিন মাসের বেশী ঐ পদে থাকতে পারবেন না। তিন মাসের মধ্যে সভা ডেকে ঐ পদের জন্যে নতুন একজনকে নির্বাচিত করতে হবে।
**খ.** নির্বাহী পরিষদের দুই-তৃতীয়াংশ সদস্য ঐ পরিষদের কোন সদস্যের বিরুদ্ধে অনাস্থা আনলে ঐ সদস্য তার পদের অযোগ্য বলে বিবেচিত হবেন এবং তার পদ শূণ্য হয়ে যাবে।

## ১১. নির্বাহী পরিষদ সদস্যদের দায়িত্ব

**ক.** সভাপতি: পরিষদের সভা পরিচালনা করবেন। সংগঠনের প্রতিনিধিত্ব করা এবং সংগঠনের পক্ষে বিজ্ঞপ্তি, বিবৃতি দেয়া তার দায়িত্ব। তিনি সাধারণ সম্পাদক ও অর্থ সম্পাদক মিলে ব্যাংক একাউন্ট পরিচালনা করবেন।
**খ.** সহ-সভাপতি: সভাপতির অনুপস্থিতিতে সভাপতির দায়িত্ব পালন করবেন।
**গ.** সাধারণ সম্পাদক: সভাপতিকে বিভিন্ন কাজে সাহায্য করবেন। সভাপতির অনুমোদনক্রমে সংগঠনের প্রতিনিধিত্ব করা বা বিজ্ঞপ্তি, বিবৃতি দেয়া তার দায়িত্ব। সভাপতির অনুমতি নিয়ে নির্বাহী এবং সাধারণ সভার আহবান করবেন। তিনি সংগঠনের জন্যে বিভিন্ন কর্মসূচি প্রণয়ন করবেন। বার্ষিক সাধারণ সভায় তিনি বার্ষিক প্রতিবেদন পেশ করে অনুমোদন করে নিবেন।

**ঘ.** যুগ্ম সম্পাদক: সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে তাঁর দায়িত্ব পালন করবেন।

**ঙ.** অর্থ সম্পাদক: সংগঠনের তহবিল রক্ষণাবেক্ষণ করবেন এবং হিসাব পত্র রাখবেন। তিনি সদস্যদের মাসিক চাঁদা আদায়ের দায়িত্ব পালন করবেন। বার্ষিক সাধারণ সভায় তিনি বিগত বছরের হিসেব পত্র অনুমোদন করিয়ে নেবেন এবং আগামী বছরের জন্য সংগঠনের বাজেট পেশ করবেন।

**চ.** দপ্তর সম্পাদক: সংগঠনের নথিপত্র রক্ষণাবেক্ষণ করবেন। চিঠিপত্র ও যোগাযোগ রক্ষা করা ইত্যাদি কাজের দায়িত্ব পালন করবেন। অফিস রক্ষণাবেক্ষণের মূল দায়িত্বও তিনি পালন করবেন।

**ছ.** সদস্য: সভাপতি ও সাধারণ সম্পাদকের কাজে সাহায্যের জন্য কোন দায়িত্ব পেতে পারেন। এছাড়া নির্বাহী পরিষদের নির্ধারিত যে কোন পদের দায়িত্ব অন্তর্বর্তীকালীন সময়ের-জন্যে পালন করবেন।

## ১২. তহবিল

**ক.** সদস্যদের দেয়া অন্তর্ভূক্তি ফি, মাসিক চাঁদা, এবং অন্যান্য সূত্র থেকে প্রাপ্ত অর্থ নিয়ে সংগঠনের তহবিল গঠিত হবে।

**খ.** এ তহবিল বিশ্ববিদ্যালয় এলাকাস্থ যে কোন ব্যাংকে রাখা যাবে। সভাপতি, সাধারণ সম্পাদক এবং অর্থ সম্পাদক যৌথ স্বাক্ষরের মাধ্যমে একাউন্ট পরিচালিত হবে। এ তিনজনের দু'জন স্বাক্ষর করলেও চলবে।

**গ.** সংগঠনের বিলুপ্তির পর ঋণ ও দায় সন্তোষজনক ভাবে মেটানোর পর উদ্ধৃত অর্থ কখনো সদস্যদের মাঝে বন্টন করা যাবে না। সংগঠনের সদস্যদের সিদ্ধান্ত অনুযায়ী ক্লাবের লক্ষ্যের সাথে মিল রয়েছে এমন প্রতিষ্ঠানকে প্রদান অথবা হস্তান্তর করা যাবে। অন্যথায় আদালত এ ব্যাপারে সিদ্ধান্ত নিবে।

**ঘ.** তহবিল সংগ্রহের জন্য শিক্ষক/বিভাগ/দপ্তর সংশ্লিষ্টদের ৫,০০০ (পাঁচ হাজার) টাকা এবং শিক্ষার্থী বা শিক্ষার্থীদের পরিচালিত কোন সংগঠনের ক্ষেত্রে ২,০০০ (দুই হাজার) টাকার বিনিময়ে সংবাদ সম্মেলন করা হবে।

### ১৩. গঠনতন্ত্র সংশোধন

এই গঠনতন্ত্রের যে কোন অংশ সাধারণ সভায় উপস্থিত সদস্যদের মধ্যে তিন-চতুর্থাংশ সদস্যের ভোটে পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন ও বিয়োজন করা যাবে।

প্রথম সংশোধন, ২০ই জুন ২০১৫ (১২ তম কার্যনির্বাহী কমিটি)
দ্বিতীয় সংশোধন, ৬ আগস্ট ২০১৯ (১৫তম কার্যনির্বাহী কমিটি)

06.08.2019
জিয়াউল ইসলাম
সভাপতি
১৫তম কার্যনির্বাহী কমিটি
শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব

06.08.2019
জুনেদ আহমেদ
সাধারণ সম্পাদক
১৫তম কার্যনির্বাহী কমিটি
শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব